# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য বৈধ রয়েছে এক কাপড়ে সালাত আদায় করা

## ذِكرُ ذِكرُ الْإِبَاحَةِ لِلْمُصَلِّي أَنْ يُصَلِّيَ فِي الثَّوْبِ الواحد

আরবী

2292ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الصَّلَاةِ فِي ثَوْبٍ وَاحِدٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَوَلِكُلِّكُمْ ثَوْبَانِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2292 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (636) , ((الروض النضير)) (1069 و 1092): ق.

বাংলা

২২৯২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এক কাপড়ে সালাত আদায় করা সম্পর্কে জিজ্ঞেস করলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তোমাদের প্রত্যেকেই দুটো কাপড় পায় কি?” তখন আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু প্রশ্নকারীকে বলেন, “তুমি আবূ হুরাইরাকে চিন কি? তিনি এক কাপড়ে সালাত আদায় করেন অথচ তার কাপড় আলনাতে রাখা আছে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৪০; সহীহ আল বুখারী: ৩৫৮; সহীহ মুসলিম: ৫১৫; আবূ দাউদ: ৬২৫; নাসাঈ: ২/৬৯-৭০; সুনান বাইহাকী: ২/২৩৬-২৩৭; বাগাবী: ৫১১; মুসনাদ আহমাদ: ২/২৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৩৬৪; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৩৭৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91610

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন